ডিসেগ্রিমেন্ট রেসুল্যুসন -এর বিষয়ে আরো তথ্য

বিভিন্ন সম্প্রদায়ের ভাষায় এই পত্রিকার কপি পাওয়ার জন্য এবং লন্ডন সেন ডিসেগ্রিমেন্ট রেসল্যুসন সার্ভিসের বিষয়ে আরো তথ্যের জন্য, যেমন ভিডিও ও ট্রেনিং সংক্রান্ত অন্যান্য উপাদানের জন্য, আমাদের ওয়েবসাইট, দেখুন ঃ www.londonsenmediation.org.uk

লন্ডন সেন ডিসেগ্রিমেন্ট রেসুল্যুসন সার্ভিসের কাছে এই পত্রিকার কপি অডিও টেপ, ব্রেল বা বড় হরফে পাওয়া যায়।

কিভাবে আমাদের সঙ্গে যোগাযোগ করবেন

London SEN ডিসেগ্রিমেন্ট রেসল্যুসন সার্ভিসের বিষয়ে আরো তথ্য জানতে হলে বা আপনার সুপারিশ বা রেফেরাল করার দরকার হলে যোগাযোগ করুন ঃ

Annette Colleary বা Jo Scherer-Thompson কে
সার্ভিস ম্যানেজার

The London SEN Disagreement Resolution Service
240 Lancaster Road, London W11 4AH

ফোন ঃ 0800 389 0695 **ফ্যাক্স** ঃ 020 7243 8512

ইমেল ঃ acolleary@kids-online.org.uk or jos@kids-online.org.uk

KIDS
working for children with special needs

লন্ডন সেন

ডিসেগ্রিমেন্ট রেসল্যুসন সার্ভিস

আমরা কারা?

London SEN ডিসেগ্রিমেন্ট রেসল্যুসন সার্ভিস (LDRS) পরিষেবা, শিশুদের শিক্ষা সংক্রান্ত বিশেষ প্রয়োজন (স্পেশাল এডুকেশনাল নীডস) এর বিষয়ে মা-বাবা ও LEAs / স্কুলের মধ্যে বিবাদ দেখা দিলে তার সমাধান খোঁজে এবং ঐ প্রয়োজন পূরণের যথাসাধ্য উপায় খোঁজে। KIDS নামক এক স্বতন্ত্র দাতব্য সংস্থা এই সার্ভিস পরিচালনা করে, এদের বিশেষ প্রয়োজন বিশিষ্ট শিশু ও তাদের পরিবারদের সঙ্গে কাজ করার তিরিশ বছরের বেশী অভিজ্ঞতা আছে।

আমরা কি কি দিই?

সালিসির নীতিতে তৈরী আমাদের এই সার্ভিস। বিধিবহির্ভূত, ঐচ্ছিক পদ্ধতিতে সালিসি করা হয়, এতে এক নিরপেক্ষ তৃতীয় পক্ষ (মিডিয়েটার) থাকেন যিনি বিতর্কে যুক্ত পক্ষদের সবার স্বীকার্য একটা সমাধানে উপনীত হতে সাহায্য করেন। এই মিডিয়েটার স্বতন্ত্র ও নিরপেক্ষ ব্যক্তি, ইনি কারুর পক্ষপাতিত্ব করেন না, কলহের সম্ভাব্য সমাধান অথবা পরামর্শও দেন না। ইনি শুধুই মধ্যস্থতা পদ্ধতি নিয়ন্ত্রণ করেন, সালিসিতে পরিণাম না। সালিসি পদ্ধতিতে অংশ নিলে বিবাদে জড়িত পক্ষগুলিকে নিজেদের সমাধান /পরিণাম খুঁজে বার করতে হয়।

মিডিয়েটার কে?

LDRS এ স্বতন্ত্র, অভিজ্ঞ মিডিয়েটারের প্যানেল আছে। এরা সকলে সালিসিতে এবং শিক্ষা সংক্রান্ত বিশেষ প্রয়োজন (SEN) সংক্রান্ত আইন ও আইনপ্রয়োগের নানা বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত।

সালিসি কোথায় করা হয় ?

LDRS মতবিরোধী স্কুলগুলিকে বা LEA কে মধ্যস্থতা অর্থাৎ সালিসি করার জন্য উপযুক্ত জায়গা বেছে নিতে বলবে। দুটো কি তিনটে রুম প্রয়োজন যাতে মিডিয়েটার অর্থাৎ যিনি মধ্যস্থতা করছেন তিনি সালিসি চলাকালীন প্রয়োজনমত প্রতিটি পক্ষের সঙ্গে একান্তে কথা বলতে পারেন।

অভিভাবকরা প্রায়ই LEA র অফিসে দেখা করতে চায় তবে কখনও কখনও নিরপেক্ষ জায়গায় মিটিং করা বাঞ্চনীয়। LEA বা মতবিরোধী স্কুলকে সামান্য খাওয়া দাওয়া ও উপযুক্ত লাঞ্চের ব্যবস্থা করতে বলা হয়।

একমত হলে কি হবে?

সালাসির ফলে যদি কলহের কয়েকটা অথবা সব বিষয়ে একমত হওয়া যায় তাহলে ঐ সত্র শেষ হওয়ার আগে মিডিয়েটার মতৈক্যের একটা দলিল তৈরী করেন। ঐ দলিলে ব্যবহৃত শব্দ উভয় পক্ষ যাচাই করে দেখে। যদি সবাই ঐ মতৈক্যের চুক্তিতে সন্তুষ্ট হয় তখন প্রত্যেকটা পক্ষকে তাতে স্বাক্ষর করতে বলা হয় এবং উপস্থিত সবকটা পক্ষকে একটা করে কপি দেওয়া হয়। এছাড়া গুণমান নিয়ন্ত্রণের উদ্দেশ্য মিডিয়েটার চুক্তির একটা কপি LDRS কে পাঠিয়ে দেয়।

LDRS এ গুণমান নিয়ন্ত্রণ?

সালিসিতে অংশগ্রহণকারীদের মূল্যায়নের (ইভ্যালুয়েশন) ফর্ম সম্পূর্ণ করে সীলবদ্ধ খামে LDRS এর কাছে পাঠিয়ে দিতে বলা হয়। সেবা ব্যবহারকারীর মূল্যায়ন গুণমান নিয়ন্ত্রণের মূল ভিত্তি। কখনও কখনও, জড়িত পক্ষের অনুমতি নেওয়ার পর LDRS সার্ভিস ম্যানেজাররা মিডিয়েটারের কর্মক্ষমতারও মূল্যায়ন করে।

কে সালিসিতে উপস্থিত থাকে?

সালিসিতে মা-বাবা / কেয়ারার (তত্ত্বাবধায়ক) কে অতি অবশ্যই উপস্থিত থাকতে হয়, এদের কাছে কলহের সমাধান করার অধিকার থাকে। মা-বাবা /কেয়ারারদের সলিসি সত্রে সমর্থক নিয়ে আসতে বলা হয়। এই ব্যক্তি বন্ধু, আত্মীয় হতে পারে আবার পেরেন্ট পার্টনারশিপ অফিসারও হতে পারে।

LEA র প্রতিনিধি - সালিসিতে উপস্থিত LEA প্রতিনিধির সমস্যার সমাধানের ক্ষমতাপ্রাপ্ত হওয়া খুবই জরুরী। এর মানে যে অফিসার LEA র প্রতিনিধিত্ব করছে তার বরিষ্ঠ সহকর্মী বা প্যানেলের পরামর্শ না নিয়ে সত্রের বিষয়বস্তুর ব্যাপারে সম্মতিসূচক চুক্তি করার অধিকার আছে।

স্কুলের প্রতিনিধি। অধিকাংশ কেসে মা-বাবা/কেয়ারার এবং LEA র মধ্যে মতবিরোধ দেখা যায়, এবং LEA র কাছে সমাধান খুঁজে বার করা বা উপযুক্ত পদক্ষেপ নেওয়ার ক্ষমতা থাকে। তবে SEN র সংক্রান্ত অনেক বিষয়ে স্কুলের এক বিশাল গুরুত্বপূর্ণ ভূমিকা থাকে। তাই, যেখানে প্রয়োজন সেখানে মতবিরোধ দূর করায় স্কুলকে, বিশেষ করে হেডটীচার এবং SENCOs কে অংশ নিতে আমন্ত্রণ জানানো জরুরী হয়ে যায়।

সালিসিতে স্কুলের প্রতিনিধি নানা ভূমিকা নিতে পারে কারণ মা-বাবা অথবা LEA এ যে কোনো পক্ষ তাদের সালিসি সত্রে আমন্ত্রণ জানাতে পারে। সালিসির আগেই স্কুল প্রতিনিধির ভূমিকা কি হবে তা স্পষ্টভাবে জানিয়ে দেওয়া হয় এবং সালিসিতে কি প্রত্যাশা করা যায় ও তার জন্য কিভাবে প্রস্তুত হওয়া উচিত সেসব বিষয়ে স্কুল প্রতিনিধিকে LDRS এর সঙ্গে কথা বলে নিতে হয়।

নোটঃ সালিসি এক বিধিবর্জিত প্রণালী,এতে দুই পক্ষ আইনী প্রতিনিধি না আনলেও চলে।

সালিসি কখন সবচেয়ে কার্যকর হয়?

সালিসিতে অংশ নেবে কিনা সেই সিদ্ধান্ত নেওয়ার সময় LEA , স্কুল এবং মা - বাবা/কেয়ারারকে ভেবে দেখতে হবে যে ব্যাপারে অসম্মতি আছে তাতে আদৌ সম্মতিতে পৌঁছানোর সম্ভাবনা আছে কিনা। সব পক্ষের সম্মতি দূর করে আপস মীমাংসা করায় সত্যিকার ইচ্ছা থাকা একান্ত জরুরী।

কিভাবে রেফেরাল করা হয়?

LEA, স্কুল, মা-বাবা বা পেরেন্ট পার্টনারশিপ সার্ভিস রেফেরাল অর্থাৎ সালিসির সুপারিশ করতে পারে। তবে মা-বাবা রেফেরাল করলে LDRS এর কাছে কেস উপস্থিত করার আগে মা-বাবাদের পরামর্শ ও সাহায্য নিয়ে নেওয়া উচিৎ। তাই মা-বাবাদের রেফারাল পেরেন্ট পার্টনারশিপ সার্ভিসের মাধ্যমে আসা বাঞ্ছনীয়। যদি স্কুলের মনে হয় সালিসি করে লাভবান হওয়া যায় তাহলে নির্দেশের জন্য তারা সরাসরি LDRS বা LEA র কাছে যেতে পারে।

সালিসি সত্রের গোপনীয়তা রক্ষা করা হয় কি?

পক্ষগুলির অন্য মত না থাকলে সাধারণতঃ সালিসি সত্রের বিষয়গুলি গোপন রাখা হয় এবং SEN ট্রিবিউনালের আইনী প্রতিবিধানের প্রতি কোনোরকম পক্ষপাতিত্ব না করে এটা আয়োজিত হয়। সালিসি সত্র থেকে একটিমাত্র সর্বসাধারণের দলিল পাওয়া যায়, তা হল সালিসিতে অংশগ্রহণকারী পক্ষগুলির সম্মতিসূচক দলিল। গোপনীয়তায় উক্ত নিয়মের একমাত্র ব্যতিক্রম হয় যখন শিশুর নিরাপত্তার প্রশ্ন ওঠে।

রেফেরাল প্রণালী

ফোন, ইমেল বা চিঠিতে রেফেরাল (সালিসির পরামর্শ) করা যায়

যদি LEA অফিসার পেরেন্ট পার্টনারশিপ অফিসার বা স্কুল সালিসির (রেফেরাল) সুপারিশ করে, সব পক্ষ সালিসিতে রাজী আছে কিনা জানার জন্য এই রেফেরালের সততা প্রতিপাদন (কনফার্ম) করা হয়।

যদি কোনো অভিভাবক রেফেরাল করে, LEA তে একটা স্ট্যাণ্ডার্ড চিঠি পাঠানো হয় যাতে সালিসিতে অংশগ্রহণে আমন্ত্রণ জানানো হয়।

LEA অংশ নিতে অসম্মত হলে সার্ভিস মা-বাবাকে জানিয়ে দেয় যে সালিসি সম্ভব নয়।

যদি সব পক্ষ সালিসিতে অংশগ্রহণ করতে রাজী হয়

London SEN ডিসেগ্রিমেন্ট রেসল্যুসন সার্ভিস (LDRS) যাচাই করে দেখে যে যারা উপস্থিত থাকবে তাদের কাছে কলহের সমাধান করার ক্ষমতা আছে কিনা, এছাড়া প্রত্যেকটা পক্ষের তরফ থেকে তাদের বিবেচনা মাফিক মতবিরোধের বিস্তারিত বর্ণনা জেনে নেওয়া হয়। যদি কোনো একটি পক্ষের কাছে যথেষ্ট ক্ষমতা না থাকে, LDRS সালিসির সুযোগ নাও দিতে পারে।

প্রত্যেকটা পক্ষের জন্য LDRS দলিল তৈরী করে যাতে, তাদের মতে, অসম্মতির মূল বিষয়গুলি কি তার উল্লেখ করা হয়।

LDRS এগুলি প্রতিটি পক্ষের কাছে পাঠিয়ে দলিলের যথার্থতা প্রতিপাদন করে নেয়। প্রত্যেকটা পক্ষকে একটা করে কপিতে স্বাক্ষর করে সঙ্গে দেওয়া s.a.e তে ফেরত পাঠিয়ে দিতে বলা হয়। যথার্থতা প্রমাণ হওয়ার পর, অংশগ্রহণকারী পক্ষগুলির কাছে দলিলের কপি পাঠানো হয়।

LEA কে একটা উপযুক্ত জায়গায় ব্যবস্থা করতে বলা হয়, এবং তাদের LDRS কে জায়গার অবস্থান, বিবরণ ও যাতায়াতের দিশানির্দেশ জানিয়ে দিতে হয়। এই তথ্য, এবং মিডিয়েটারের নাম ও সংক্ষিপ্ত বিবরণ সব পক্ষদের পাঠিয়ে দেওয়া হয়।

সালিসি হয়

যদি সম্মতিতে উপনীত হওয়া যায়, সেটা লিখে প্রত্যেকটা পক্ষকে একটা করে কপি দেওয়া হয়। মিডিয়েটার LDRS কে একটা পৃথক কপি পাঠায়।

গুণমান নিয়ন্ত্রণের অংশ হিসাবে অংশগ্রহণকারীদের এছাড়া আরেকটা মূল্যায়নের ফর্ম পূরণ করে LDRS এর কাছে সীলবদ্ধ খামে ফেরত পাঠিয়ে দিতে বলা হয়।